## Abstract

বাংলা থিয়েটারের একটি জনপ্রিয় সুপরিচিত আখ্যান আছে। দীর্ঘকাল ধরে সেই নির্দিষ্ট বর্ণনাগুলিই চর্চিত হয়ে এসেছে। এত বছর ধরে তৈরি হওয়া নাট্য ইতিহাস নিয়ে কাজ করতে গিয়ে বিশ্লেষণাত্মক মননটি প্রায়শই অনুপস্থিত হয়ে পড়ে বলে মনে হয়। অতীত কর্মকাণ্ডের গরিমা-বর্ণনাই হয়তো বাংলা নাট্য ইতিহাসের মূল ভূমিকা হয়ে দাঁড়ায়। কিছু ক্ষেত্রে নিঃসন্দেহে এর ব্যতিক্রম আছে। কিন্তু সেই প্রয়াসগুলি বেশিরভাগ ক্ষেত্রেই রয়ে গেছে ব্যতিক্রমী নিরীক্ষা হিসেবেই।

মূল প্রতিষ্ঠিত ইতিহাসে তাই বাদ পড়েছে অনেক বিষয় অথবা অতিকথন ও অতিরঞ্জকতায় অনেক সময়েই সত্য থেকে খানিক সরে এসেছে ইতিহাস, এমনটা মনে করার অনেক কারণ আছে। সমগ্র জাতির একটা অখণ্ড ইতিহাস আছে, এটা কল্পনা করে নিলে সমাজের অনেক ঘটনা, উপকরণ ও সম্ভাবনাকে উপেক্ষিত হতে হয় বলে মনে হয়। ইতিহাসের এই ‘সমগ্রতা’-র ভাবটিকে তাই প্রশ্ন করার যথেষ্ট কারণ এসে পড়ে। নতুন কোনো বর্ণনাত্মক ইতিহাস রচনা নয়; প্রতিষ্ঠিত ইতিহাসে যে বিষয়গুলি স্থান পেয়েছে, সেগুলির স্বরূপের দিকে নজর করা, আবার যে বিষয়গুলি স্থান পায়নি, তাদের অনুপস্থিতির কারণগুলি লক্ষ্য করা এই গবেষণার কাজ।

বর্তমান গবেষণা কর্মটি সময়ক্রমের একটি নির্দিষ্ট অবিচ্ছিন্ন প্রবাহ অবিকৃত রেখে ধারাবাহিকভাবে লিখিত গবেষণা নয়। আমার ধারণা, এই গবেষণাটিকে কোনো পরীক্ষার ফলাফল না ভেবে, এটিকে একটি পদ্ধতি হিসেবে গ্রহণ করাই বাঞ্ছনীয়। এই পদ্ধতিটিকে অবলম্বন করে ভবিষ্যতে নাট্য-ইতিহাসের যেকোনো পরিধি বা যেকোনো ক্ষেত্রকে পুনর্বিবেচনা করা যেতে পারে বলে আমার বিশ্বাস। ইতিহাসের সত্য প্রতিষ্ঠার যে মূল অবলম্বন আর্কাইভ, সেই আর্কাইভে প্রতিষ্ঠিত তথ্যসামগ্রীর মধ্যেকার ফাঁক বা নৈঃশব্দ্যকে নির্দেশ করার চেষ্টা হয়েছে এই কাজে। যা আর্কাইভে আছে বা যা ইতিহাস হিসেবে প্রতিষ্ঠিত আছে, তা কেন আছে? আর যা নেই, অথচ থাকতে পারত, তা কেন নেই—এই বিতর্কটিকে মাথায় রেখেই গবেষণাটি করা হয়েছে।

এই সূত্রে চোখ রাখা হয়েছে, উনিশ-বিশ শতকীয় বাংলা থিয়েটারে অভিনেত্রীদের জাতি-ধর্ম-বর্গ ভেদে ঐতিহাসিক অবস্থানটির দিকে। পাশাপাশি দেখা হয়েছে, বাংলা নাট্যজগতের প্রতিবাদী নাট্যের ঐতিহাসিক প্রবহমানতা ঠিক কেমন ছিল। এছাড়াও আলোচনা করা হয়েছে, উনিশ শতকের শেষ দিক থেকে যে নতুন ধারার স্বদেশী নাট্য আন্দোলন শুরু হয়, তার সঙ্গে সেই সময়ের হিন্দু-জাতীয়তাবাদী ভাবনার কতটা সামঞ্জস্য ছিল। সব শেষে লক্ষ্য করার চেষ্টা করা হয়েছে, বাংলা নাট্য ইতিহাসে মূল ধারার বিবরণীতে মঞ্চসজ্জার ইতিহাসের স্থান নেই কেন, এই বিষয়টি।